**AKASHVANI(AIR)**
**RNU:KOLKATA**
**BengaliText Bulletin**

**Date 05-02-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিমকোর্টে আজ রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা সংক্রান্ত মামলার রায় ঘোষণা।

২) রাজ্যপালের অভিভাষণের পর বিধানসভায় আজ অন্তর্বর্তী বাজেট পেশ করবেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য।

৩) বিভিন্ন নির্দেশ উপেক্ষা করার জন্য রাজ্যের মুখ্য সচিবকে কড়া চিঠি পাঠিয়ে নির্বাচন কমিশন ৯ ই ফেব্রুয়ারির মধ্যে পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করেছে।

৪) কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে এরাজ্যের ২৫ জন বরিষ্ঠ আধিকারিকের নিয়োগ সংক্রান্ত নির্দেশ পুনর্বিবেচনার জন্য রাজ্য সরকারের আবেদন খারিজ করে দিয়েছে নির্বাচন কমিশন।

৫) দেবল রায়কে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান হিসেবে নিয়োগ করা হয়েছে।

৬) যাত্রী স্বাচ্ছন্দ্য বৃদ্ধির লক্ষ্যে কলকাতা মেট্রোর ব্লু লাইন করিডরের ১৫টি স্টেশনে টানেল ভেন্টিলেশন এবং তাপমাত্রা নিয়ন্ত্রণ ব্যবস্থার পরিকাঠামো উন্নয়নের কাজ শুরু হয়েছে।

৭) রাজ্যে আগামী দুদিনে সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত কমতে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাভাস।

---

সুপ্রিমকোর্টে আজ রাজ্য সরকারি কর্মচারীদের মহার্ঘভাতা বা ডিএ সংক্রান্ত মামলার রায় ঘোষণা । সকাল সাড়ে ১০টায় বিচারপতি সঞ্জয় কারোল ও বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রার বেঞ্চ রায় ঘোষণা করবেন।

গত বছর পুজার ছুটির আগে ৮ই সেপ্টেম্বর এই মামলার শুনানি শেষে রায়দান স্থগিত রেখেছিলেন দুই বিচারপতির বেঞ্চ।

রাজ্যের সরকারি কর্মচারীদেরও কেন্দ্রীয় হারে ডিএ দেওয়ার দাবিতে দায়ের এই মামলা স্টেট অ্যাডমিনিস্ট্রেটিভ ট্রাইব্যুনাল (এসএটি), কলকাতা হাই কোর্ট হয়ে পৌঁছয় সুপ্রিম কোর্টে। সর্বোচ্চ আদালত গত বছর ১৬ই মে, চার সপ্তাহের মধ্যে রাজ্যকে বকেয়া ডিএ-র ২৫ শতাংশ মিটিয়ে দেওয়ার নির্দেশ দেয়। কিন্তু আর্থিক সঙ্কটের কারণ দেখিয়ে আরও ৬ মাস অতিরিক্ত সময় চেয়ে শীর্ষ আদালতে আবেদন জানায় রাজ্য। সমস্যা সমাধানের প্রত্যাশায় বহু প্রতীক্ষিত এই রায়ের দিকে তাকিয়ে রয়েছেন রাজ্য সরকারি কর্মচারীরা।

---

রাজ্য বিধানসভায় আজ অন্তর্বর্তী বাজেট প্রস্তাব পেশ করবেন অর্থ প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। একদিনের বিরতির পর আজ ফের অধিবেশন বসবে। শুরুতেই রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস বিধানসভায় বক্তব্য রাখবেন। পরে মুখ্যমন্ত্রীর ঘরে আয়োজিত হবে মন্ত্রিসভার বিশেষ বৈঠক। মন্ত্রিসভা বাজেট প্রস্তাবে অনুমোদন দেওয়ার পর বিধানসভায় তা পেশ করবেন অর্থ প্রতিমন্ত্রী।

আসন্ন বিধানসভা নির্বাচনের আগে রাজ্য সরকারি কর্মচারীদের ডিএ, বিভিন্ন সামাজিক সুরক্ষা প্রকল্পে বরাদ্দ বৃদ্ধি, আশা কর্মীদের বেতন সহ অন্যান্য বিষয়ে বাজেট প্রস্তাবে কি ঘোষণা হয়, সেই দিকেই তাকিয়ে রয়েছেন রাজ্যবাসী।

এটিই সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন। চলবে আগামী সোমবার পর্যন্ত।

---------------------

নির্বাচন কমিশন,  একাধিক নির্দেশ অমান্য করার অভিযোগে রাজ্যের মুখ্য সচিবকে কড়া ভাষায় চিঠি দিয়েছে।  পাঁচটি বিষয়ের উল্লেখ করে কমিশন জানিয়েছে, বারংবার নির্দেশ সত্ত্বেও এক্ষেত্রে রাজ্য সরকারের তরফে এখনো প্রয়োজনীয় পদক্ষেপ করা হয়নি। ৯ ফেব্রুয়ারি দুপুর ৩টের মধ্যে এই সব বিষয়ের পূর্ণাঙ্গ কম্প্লায়েন্স রিপোর্ট পাঠাতে বলা হয়েছে।

চিঠিতে কমিশন যে বিষয়গুলি বিশেষভাবে উল্লেখ করেছে, তার মধ্যে প্রথমেই রয়েছে দু’জন ইআরও, দুই এইআরও এবং এক ডাটা এন্ট্রি অপারেটরের বিরুদ্ধে এফআইআর দায়ের না হওয়ার প্রসঙ্গ।

বিধি বহির্ভূতভাবে ১১ জন অতিরিক্ত এইআরওকে শুনানির কাজে নিযুক্ত করার জন্য বসিরহাট-২ এর বিডিও ও এইআরও সুমিত্র প্রতিম প্রধানকে, সাসপেন্ড করার নির্দেশও কার্যকর হয়নি।

তিন ইলেক্টোরাল রোল অবজারভার—অশ্বিনী কুমার যাদব, রণধীর কুমার এবং স্মিতা পান্ডের বদলির নির্দেশ বাতিল করে রিপোর্ট পাঠাতে বলা হয়েছিল। তাও মানা হয়নি বলে কমিশন উল্লেখ করেছে।

এসডিও-এসডিএম স্তরের আধিকারিকদের নির্বাচন কমিশন নির্ধারিত মানদণ্ড অনুযায়ী ইআরও এবং রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করার বিষয়েও রাজ্য এখনও পদক্ষেপ করেনি বলে জানানো হয়েছে।

এক্ষেত্রে নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদক্ষেপ না হলে বিষয়টি গুরুতরভাবে বিবেচনা করা হবে বলেও চিঠিতে কমিশন জানিয়েছে।

---------------------

কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে এরাজ্যের ২৫ জন বরিষ্ঠ আধিকারিকের নিয়োগ সংক্রান্ত নির্দেশ পুনর্বিবেচনার জন্য রাজ্য সরকারের আবেদন এবং তার সঙ্গে বিকল্প নামের তালিকা খারিজ করে দিয়েছে নির্বাচন কমিশন। পূর্ব নির্ধারিত সূচি মেনে নির্বাচন কমিশনের বেছে নেওয়া আধিকারিকদের'ই প্রশিক্ষণে যোগ দিতে বলা হয়েছে।

উল্লেখ করা যেতে পারে, একাধিকবার রাজ্য সরকারের কাছে আধিকারিকদের নামের তালিকা চাওয়া হলেও নির্দিষ্ট সময়ের মধ্যে সেই তালিকা না পাওয়ায় কমিশন, স্বত:প্রণোদিতভাবে ওই তালিকা তৈরি করে। এরপরই রাজ্য সরকারের তরফে ৯'জনের একটি তালিকা পাঠিয়ে কমিশনের কাছে সিদ্ধান্ত পুনর্বিবেচনার আবেদন জানানো হয়।

কমিশন জানিয়েছে, নতুন দিল্লিতে আজ এবং আগামীকাল কেন্দ্রীয় পর্যবেক্ষকদের জন্য নির্ধারিত ব্যাচভিত্তিক ব্রিফিং বৈঠক হবে। তালিকাভুক্ত সব আধিকারিকদের সেখানে হাজির থাকতে বলা হয়েছে।

তবে শারীরিক অসুস্থতার কারণে এক আইপিএস আধিকারিককে এই দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ, আসাম, কেরালা, তামিলনাড়ু ও পুদুচেরি-তে বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে কমিশন, এজ্যের বর্তমান স্বরাষ্ট্রসচিব জগদীশ প্রসাদ মীনা সহ ১৫ জন IAS ও ১০ জন IPS আধিকারিককে কেন্দ্রীয় পর্যবেক্ষক হিসেবে নিয়োগ করেছে।

---------------------

পশ্চিমবঙ্গে SIR প্রক্রিয়া নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর আপত্তি প্রসঙ্গে নির্বাচন কমিশন এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের বক্তব্য জানতে চেয়েছে সুপ্রিম কোর্ট। এব্যাপারে নোটিশ জারি করে আগামী সোমবারের মধ্যে তাদের বক্তব্য জানাতে বলা হয়েছে। ঐদিনই মামলার পরবর্তী শুনানি।

প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচি ও বিচারপতি বিপুল এম পাঞ্চলির বেঞ্চে গতকাল নির্বাচন কমিশন ও সিইও-র বিরুদ্ধে মুখ্যমন্ত্রীর দায়ের করা মামলার শুনানি হয়। ছোটখাটো অসঙ্গতির কারণে ভোটারদের শুনানির নোটিশ পাঠানোর ক্ষেত্রে আরও বেশি সংবেদনশীল হতে বলেছেন প্রধান বিচারপতি।

পাশাপাশি, কেন্দ্রীয় আধিকারিকদের মাইক্রো অবসার্ভার হিসেবে নিয়োগ করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রীর অভিযোগের প্রেক্ষিতে সর্বোচ্চ আদালত রাজ্যের কাছে গ্রুপ-বি আধিকারিকদের তালিকা চেয়েছে, যারা লজিক্যাল ডিসক্রিপেন্সি বা তথ্যগত অসংগতির সমস্যা মেটাতে কাজ করবেন।

মুখ্যমন্ত্রীর হয়ে আদালতে সওয়াল করেন আইনজীবী শ্যাম দিওয়ান। সরাসরি সওয়াল না করলেও শুনানির সময় নিজের বক্তব্য পেশ করার অনুমতি চান মুখ্যমন্ত্রী। প্রধান বিচারপতি তা মঞ্জুর করলে মুখ্যমন্ত্রী বলেন, SIR-এর নামে রাজ্যকে নিশানা করা

হচ্ছে। আধার কার্ডকে পরিচয়ের প্রমাণ হিসাবে মান্যতা দেওয়ার জন্য আবেদন জানান তিনি।

এদিকে, মাইক্রো অবজারভার নিয়ে মমতা ব্যানার্জির অভিযোগের প্রেক্ষিতে কমিশনের আইনজীবি রাকেশ দ্বিবেদী জানান, রাজ্য সরকারকে বারবার চিঠি দেওয়া সত্ত্বেও তারা সম্পূর্ণ অসহযোগিতা করছে। SDM লেভেলের ক্লাস-টু অফিসার চাওয়া হলেও রাজ্য সরকার প্রয়োজনমতো তা দেয়নি।

---------------------

প্রচারের আলোয় থাকার জন্যই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সুপ্রিম কোর্টে গেছেন বলে বিজেপি অভিযোগ করেছে।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার আধার কার্ড নিয়ে মুখ্যমন্ত্রীর বক্তব্যকে খন্ডন করে বলেছেন, এটিকে নাগরিকত্বের প্রমাণ হিসেবে কোনো আদালতের রায়ে'ই স্বীকৃতি দেওয়া হয়নি।

বাইট সুকান্ত

বিজেপি নেতা, কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং বলেছেন, নির্বাচনের আগে মমতা ব্যানার্জী ভোটব্যাঙ্ক সুরক্ষিত রাখতে একের পর নাটক মঞ্চস্থ করছেন।

বাইট গিরিরাজ

বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন, অনুপ্রবেশের জন্য রাজ্যের জন বিন্যাস বদলে যাচ্ছে। কিন্তু অনুপ্রবেশ আটকাতে সীমান্তে কাঁটাতারের বেড়া দেওয়ার জন্য রাজ্য সরকার জমি দিচ্ছেনা।

অন্যদিকে SIR-এর প্রায় শেষ পর্বে এসে মুখ্যমন্ত্রী হঠাৎ কেন এত সক্রিয় হয়ে উঠলেন, তা' নিয়ে প্রশ্ন তুলেছেন CPIM-এর কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী।

SIR–এর পাশাপাশি RG KAR কাণ্ড, গরু পাচার, কয়লা পাচার, নিয়োগ দুর্নীতি সহ অন্যান্য  কেলেঙ্গকারিতেও এভাবেই মুখ্যমন্ত্রীর তৎপর হওয়া উচিত ছিল বলে প্রদেশ কংগ্রেস মুখপাত্র সৌম্য আইচ রায় মন্তব্য করেছেন।

---------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে এবারের বিষয় প্রগতি। আজ শুনবেন পশ্চিমবঙ্গের জলপথের উন্নয়নে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উদ্যোগ নিয়ে বিশেষ আলোচনা। কলকাতার শ্যামা প্রসাদ মুখার্জী বন্দরের চিফ ইঞ্জিনিয়ার শান্তনু মিত্রের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------------

দেবল রায়কে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান হিসেবে নিয়োগ করা হয়েছে। সদস্য পদে নিযুক্ত হয়েছেন দেবাশিস বন্দ্যোপাধ্যায়, দিগন্ত বাগচী এবং বর্ণালী মুখোপাধ্যায়। সংবিধানের ৩১৬-র ১ অনুচ্ছেদ অনুযায়ী রাজ্য পাবলিক সার্ভিস

কমিশনের চেয়ারম্যান ও সদস্যদের নিয়োগের ক্ষমতা রাজ্যপালের হাতে রয়েছে। সেই বিধান মেনেই এই নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়েছে।

উল্লেখ্য, পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন রাজ্যের বিভিন্ন সরকারি দপ্তরে নিয়োগ প্রক্রিয়া পরিচালনার ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ সাংবিধানিক সংস্থা। নতুন চেয়ারম্যান ও সদস্যদের যোগদানের ফলে কমিশনের কাজের গতি আরও বাড়বে বলেই আশা করা হচ্ছে।

---------------------

যাত্রী নিরাপত্তা ও স্বাচ্ছন্দ্য বৃদ্ধির লক্ষ্যে কলকাতা মেট্রোর ব্লু লাইন করিডরের ১৫টি স্টেশনে টানেল ভেন্টিলেশন এবং তাপমাত্রা নিয়ন্ত্রণ ব্যবস্থার পরিকাঠামো উন্নয়নের কাজ শুরু হয়েছে। নোয়াপাড়া কারশেডে গতকাল এক অনুষ্ঠানে মেট্রো রেলের জেনারেল ম্যানেজার শুভ্রাংশু এস মিশ্র সহ অন্যান্য আধিকারিকের উপস্থিতিতে এই কাজের সূচনা হয়। সম্পূর্ণ দেশীয় প্রযুক্তিতে ৫৮৫ কোটি টাকা ব্যয়ে চার বছরের মধ্যে এই কাজ করার লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। এই ব্যবস্থা চালু হলে মেট্রো রেল বার্ষিক ১৮ কোটি লিটার ভূগর্ভস্থ জল সংরক্ষণ করতে সক্ষম হবে। বর্তমান ব্যবস্থায় মেট্রো স্টেশনগুলিকে শীতল রাখতে ভূগর্ভস্থ জলের প্রয়োজন হয়। নতুন ভেন্টিলেশন ব্যবস্থায় জলের প্রয়োজন হবেনা।

---------------------

রাজ্য সরকারের অসহযোগিতার কারণে কলকাতা মেট্রো প্রকল্পের উন্নয়নমূলক কাজ আটকে রয়েছে বলে বিজেপির মুখপাত্র দেবজিত্ সরকার অভিযোগ করেছেন। সল্টলেকে দলীয় কার্যালয়ে সাংবাদিকদের গতকাল তিনি বলেন, মাত্র ৩৬৬ মিটার রুটে স্তম্ভ বসানোর জন্য সপ্তাহান্তে রাতের বেলা অল্প সময়ের জন্য ট্রাফিক ব্লক

প্রয়োজন। কলকাতা হাইকোর্টের নির্দেশ থাকা সত্ত্বেও রাজ্য সরকার এবং কলকাতা পুলিশ তা কার্যকর করছে না।

বাইট

---------------------

রাজ্যের সব জেলাতেই এখনো হালকা  শীতের আমেজ রয়েছে। আগামী দুদিনে সর্বনিম্ন তাপমাত্রা দুই থেকে তিন ডিগ্রি পর্যন্ত কমতে পারে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা স্বাভাবিকের থেকে প্রায় এক ডিগ্রি কম, ১৬ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে।

আগামী ৭ দিন রাজ্যে শুষ্ক আবহাওয়া বজায় থাকবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

--------------------- ---------------------